জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা।
Website:www.janatabank-bd.com

রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
ফোন নং- ৯৫৫৮৪২১

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ৮১০/১৮

তারিখ: ১৬ এপ্রিল ২০১৮খ্রিস্টাব্দ
০৩ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/
প্রিন্সিপাল জনতা ব্যাংক স্টাফ কলেজ/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়: ঋণ মঞ্জুরি ক্ষমতাবিধি (Delegation of Business Power) ৮ম সংস্করণ এর রপ্তানি খন্ডের ফরেন ও লোকাল ডকুমেন্টারি বিল ক্রয় (Foreign & Local Documentary Bills Purchase) সংক্রান্ত অনুচ্ছেদ নং ৯, ১০, ১১ ও ১২ এর মঞ্জুরি ক্ষমতা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে নির্দেশ বিজ্ঞপ্তি ১৮৫/১০ তারিখ ০৯.০৩.২০১০ এর মাধ্যমে জারিকৃত ঋণ মঞ্জুরি ক্ষমতা বিধি (৮ম সংস্করণ) এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হল।

বিগত ০৪/০৪/২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব ডিরেক্টরস এর ৫১৮তম সভায় ঋণ মঞ্জুরি ক্ষমতা বিধি (৮ম সংস্করণ) এর রপ্তানি খন্ডের ফরেন ও লোকাল বিল ক্রয় (Foreign & Local Documentary Bills Purchase) সংক্রান্ত বিষয়ে মনিটরিং জোরদারকরন ও দক্ষ জনবল তৈরীর বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ অনুচ্ছেদ নং ৯, ১০, ১১ ও ১২ এর মঞ্জুরি ক্ষমতা পুনঃনির্ধারণ করা হয়েছে, যা অবিলম্বে কার্যকর হবে।

২.১ মনিটরিং ব্যবস্থা জোরদারকরন:

- রপ্তানি সংশ্লিষ্ট প্রতিটি শাখা কর্তৃক গ্রাহকওয়ারি মাসিক এফডিবিপি এর তথ্যাদি পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ফরেন ট্রেড মনিটরিং ও ফরেন ট্রেড এক্সপোর্ট ডিপার্টমেন্ট বরাবর প্রেরণ করা।
- প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনা করে ফরেন ট্রেড মনিটরিং ডিপার্টমেন্ট কর্তৃক সারসংক্ষেপ লাইন ম্যানেজমেন্ট এর মাধ্যমে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর মাসিক ভিত্তিতে উপস্থাপন করা।
- সার্বিক পরিস্থিতি বিবেচনাপূর্বক লাইন ম্যানেজমেন্ট কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/দিকনির্দেশনা প্রদান।
- ফরেন ট্রেড মনিটরিং ডিপার্টমেন্ট কর্তৃক প্রতি ৩ মাস অন্তর গ্রাহকওয়ারী/শাখাওয়ারী এফডিবিপি প্রতিবেদন পর্ষদের অবগতি ও প্রয়োজনীয় দিক নির্দেশনার জন্য উপস্থাপন করা।
- ফরেন ট্রেড ডিপার্টমেন্ট-এক্সপোর্ট কর্তৃক নিজস্ব প্রক্রিয়ায় এফডিবিপি এর Aging করত: মনিটরিং অব্যাহত রাখা।

২.২ জনবল উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধি:

- দক্ষ ও অভিজ্ঞ জনবল তৈরীর লক্ষ্যে জব রোটেশন নিশ্চিতকরনসহ ফরেন ট্রেড ডেস্কে যোগ্যতা সম্পন্ন কর্মকর্তা পদায়ন।
- ফরেন ট্রেড বিষয়ক বিধিমালা ও অনুশাসন যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে সচেতনতা বৃদ্ধি।
- এফডিবিপি এর আওতা, গুরুত্ব, পরিমান ও সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে সম্যক ধারনা প্রদান।
- ফরেন ট্রেড সংশ্লিষ্ট জনবলের উৎকর্ষতা বৃদ্ধি ও Best Moral Practice এ উদ্বুদ্ধকরন।
- ফরেন ট্রেড ডেস্কে কর্মরত কর্মকর্তাদের জন্য ফরেন ট্রেড এর বিভিন্ন ইস্যু/বিষয়ভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করা।
- বিভিন্ন ধরনের কেস স্টাডি ও গ্রুপ স্টাডিসহ knowledge sharing এর মাধ্যমে নির্বাহী/কর্মকর্তাদের প্রায়োগিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে গভীরে ঢুকার সক্ষমতা বৃদ্ধি।

দ্র-

বিষয়: ঋণ মঞ্জুরি ক্ষমতাবিধি (Delegation of Business Power) ৮ম সংস্করণ এর রপ্তানি খন্ডের ফরেন ও লোকাল ডকুমেন্টারি বিল ক্রয় (Foreign& Local Documentary Bills Purchase) সংক্রান্ত অনুচ্ছেদ নং ৯, ১০, ১১ ও ১২ এর মঞ্জুরি ক্ষমতা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

২.৩.(ক) পুনঃনির্ধারিত ঋণ মঞ্জুরি ক্ষমতা ও পরিপালনীয় শর্তাবলী ঃ

অনুচ্ছেদ-৯: ফরেন ডকুমেন্টারী বিল পারচেজ (এফডিবিপি):

এলসি'র বিপরীতে রপ্তানি বিল ক্রয় ও নেগোসিয়েশনপূর্বক শিপমেন্ট উত্তর রপ্তানি ঋণ।

(কোটি টাকায়)

গ্রাহক এর প্রকৃতি	ম্যানেজার (শাখার গ্রেড-১ম)	এজিএম	ডিজিএম	জিএম	ডিএমডি	সিইও এন্ড এমডি
ক. পাবলিক সেক্টর	৫.০০	১০.০০	২০.০০	৪০.০০	৬০.০০	১০০.০০
খ. পাবলিক লিমিটেড কোম্পানি	৪.০০	৭.০০	১০.০০	৩০.০০	৫০.০০	৭৫.০০
গ. প্রাইভেট লিমিটেড কোম্পানি	৩.০০	৫.০০	৭.০০	২০.০০	৪০.০০	৬০.০০
ঘ. ব্যক্তি/ ফার্ম	১.০০	৩.০০	৫.০০	১০.০০	২০.০০	৪০.০০

পরিপালনীয় শর্তাবলীঃ

ক. প্রথম শ্রেণীর ব্যাংক কর্তৃক ইস্যুকৃত এলসি'র বিপরীতে অনুকূল শর্ত সম্বলিত কনফার্মড/ইরিভোকেবল, আনরেস্ট্রিকটেড সাইট অথবা ইউস্যান্স রপ্তানি এলসি'র বিপরীতে ত্রুটিমুক্ত রপ্তানি দলিল নেগোসিয়েশনের জন্য এডি শাখা প্রধানগণ, বিভাগীয় কার্যালয়ের জিএম, প্রধান কার্যালয়ের ফরেন ট্রেড ডিপার্টমেন্টের সংশ্লিষ্ট জিএমসহ ডিএমডি এবং সিইও এন্ড এমডি এ ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।

খ. লোকাল অফিস ও জনতা ভবন কর্পোরেট শাখাসহ সকল এডি শাখা প্রধান শুধুমাত্র ত্রুটিমুক্ত রপ্তানি বিল তাদের মঞ্জুরি ক্ষমতা অনুযায়ী ক্রয় করার অনুমোদন প্রদান করতে পারবেন। এডি শাখা প্রধানের ক্ষমতা বহির্ভূত রপ্তানি বিল ক্রয়ের ক্ষেত্রে ক্রমিক নং ক তে বর্ণিত সংশ্লিষ্ট নির্বাহীগণ তাদের মঞ্জুরি ক্ষমতা অনুযায়ী বিল ক্রয় করার অনুমোদন প্রদান করতে পারবেন।

গ. শাখার কোন গ্রাহকের ক্রয়কৃত রপ্তানি বিল বাংলাদেশ ব্যাংকের বিধিবিধান অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাবাসিত .না হলে অর্থাৎ মেয়াদ উত্তীর্ণ থাকলে উক্ত গ্রাহকের পরবর্তী রপ্তানি বিল ক্রয়ের ক্ষমতা প্রধান কার্যালয়ের উপর ন্যস্ত হবে।

ঘ. কোন একক গ্রাহকের ক্রমপুঞ্জীভূত এফডিবিপি দায়ের পরিমাণ বর্ণিত মঞ্জুরি ক্ষমতার সীমা অতিক্রম করতে পারবে না।

ঙ. কোন রপ্তানি এলসির বিপরীতে ব্যাক টু ব্যাক এলসি স্থাপন করা হলে উক্ত রপ্তানি এলসির বিপরীতে দাখিলকৃত রপ্তানি বিল হতে ব্যাক টু ব্যাক এলসি'র অংশ (ফ্লোটিং রেখে) বাদ দিয়ে বাকি অংশের (সিএম অংশ) জন্য এফডিবিপি দায় সৃষ্টি করা যাবে।

চ. FCR (Forward Cargo Receipts)/HAWB (House Airway Bill) এর ক্ষেত্রে Master Bill of Lading/ Original Airways Bill ইস্যুকারী প্রতিষ্ঠানসমূহের Shipping Agent হিসেবে কাজ করার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন রয়েছে কিনা তা যাচাই করে নিতে হবে।

ছ. Bangladesh Bank Guidelines for Foreign Exchange Transection এ উল্লেখিত এতদ্সংক্রান্ত সকল নির্দেশনা পরিপালন করতে হবে।

জ. UCPDC-600 and URC-522 এর এতদ্সংক্রান্ত সকল নির্দেশনা পরিপালন করতে হবে।

ঝ. কোন গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা প্রধানের মঞ্জুরি ক্ষমতার অধিক বিল ক্রয় করার ক্ষেত্রে দ্রুত গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে শাখা প্রয়োজন মনে করলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট গ্রাহকের অনুকূলে নোশনাল লিমিট অনুমোদনের প্রস্তাব পর্ষদে উপস্থাপন করতে পারবে।

ঞ. বিল ক্রয়/লিমিট অনুমোদনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয় বিবেচনা করতে হবে;

- গ্রাহকের রপ্তানি পারফরমেন্স, সক্ষমতা (Ability) ও বিশ্বাসযোগ্যতা (Credibility)
- কারখানার উৎপাদন ক্ষমতা (মেকানিকাল/টেক্সটাইল/আর্থিক বিশ্লেষণ)
- গ্রাহকের বিগত বছরের রপ্তানি তৎপরতা
- চলতি মূলধনসহ অন্যান্য ঋণের ধরন, পরিমাণ ও Repayment Behaviour
- এফডিবিপি এর বিপরীতে মূল্য প্রত্যাবাসনের ট্রেন্ড
- সন্তোষজনক সিআইবি রিপোর্ট

নতুন গ্রাহকের ক্ষেত্রে অন্যান্য প্রযোজ্য বিষয়ের সাথে রপ্তানিকারকের Creditworthiness, অতীত অভিজ্ঞতা, সহজামানত ও ব্যাংকের নিকট গ্রহণযোগ্যতা ইত্যাদি বিবেচনা করা।

বিষয়: ঋণ মঞ্জুরি ক্ষমতাবিধি (Delegation of Business Power) ৮ম সংস্করণ এর রপ্তানি খন্ডের ফরেন ও লোকাল ডকুমেন্টারি বিল ক্রয় (Foreign& Local Documentary Bills Purchase) সংক্রান্ত অনুচ্ছেদ নং ৯, ১০, ১১ ও ১২ এর মঞ্জুরি ক্ষমতা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

২.৩ (খ) অনুচ্ছেদ-১০ : ফরেন ডকুমেন্টারী বিল পারচেজ (এফডিবিপি):
চুক্তিপত্রের বিপরীতে রপ্তানি বিল ক্রয়পূর্বক শিপমেন্ট উত্তর রপ্তানি ঋণ।

(কোটি টাকায়)

গ্রাহক এর প্রকৃতি	এজিএম	ডিজিএম	জিএম	ডিএমডি	সিইও এন্ড এমডি
ক. পাবলিক সেক্টর	৩.০০	৭.০০	১৫.০০	৩০.০০	৮০.০০
খ. পাবলিক লিমিটেড কোম্পানি	২.০০	৫.০০	১২.০০	২০.০০	৪০.০০
গ. প্রাইভেট লিমিটেড কোম্পানি	১.০০	৩.০০	১০.০০	১৫.০০	৩০.০০
ঘ. ব্যক্তি/ ফার্ম	০.৭৫	২.০০	৫.০০	১০.০০	২০.০০

পরিপালনীয় শর্তাবলীঃ

ক. আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বিদেশী ক্রেতার ফার্ম কন্ট্রাক্ট বা দৃঢ় রপ্তানি চুক্তির বিপরীতে প্রথম লেনদেন করার পূর্বে বিদেশে অবস্থানরত আমদানিকারকের ক্রেডিট রিপোর্ট সংগ্রহপূর্বক তা বিশ্লেষণ করে লেনদেন করার জন্য অনুকূল বিবেচিত হলে প্রধান কার্যালয়ের ফরেন ট্রেড ডিপার্টমেন্ট থেকে অনুমোদন নিতে হবে এবং অনুমতি প্রাপ্তির পরই কেবল শাখা লেনদেন করতে পারবে।

খ. লোকাল অফিস ও জনতা ভবন কর্পোরেট শাখাসহ সকল এডি শাখা প্রধান শুধুমাত্র ত্রুটিমুক্ত রপ্তানি বিল তাদের মঞ্জুরি ক্ষমতা অনুযায়ী ক্রয় করার অনুমোদন প্রদান করতে পারবেন। এডি শাখা প্রধানের ক্ষমতা বহির্ভূত রপ্তানি বিল ক্রয়ের ক্ষেত্রে বিভাগীয় কার্যালয়ের জিএম, প্রধান কার্যালয়ের ফরেন ট্রেড ডিপার্টমেন্টের সংশ্লিষ্ট জিএমসহ ডিএমডি এবং সিইও এন্ড এমডি এ ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।

গ. শাখার কোন গ্রাহকের ক্রয়কৃত রপ্তানি বিল বাংলাদেশ ব্যাংকের বিধিবিধান অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাবাসিত না হলে অর্থাৎ মেয়াদ উত্তীর্ণ থাকলে উক্ত গ্রাহকের পরবর্তী রপ্তানি বিল ক্রয়ের ক্ষমতা প্রধান কার্যালয়ের উপর ন্যস্ত হবে।

ঘ. কোন একক গ্রাহকের ক্রমপুঞ্জীভূত এফডিবিপি দায়ের পরিমাণ বর্ণিত মঞ্জুরি ক্ষমতার সীমা অতিক্রম করতে পারবে না।

ঙ. ডেফার্ড/ইউজেন্স চুক্তিপত্রের বিপরীতে Acceptance ব্যতীরেকে বিল ক্রয় করা যাবে না।

চ. Bangladesh Bank Guidelines for Foreign Exchange Transection এ উল্লেখিত এতদ্সংক্রান্ত সকল নির্দেশনা পরিপালন করতে হবে।

ছ. UCPDC-600 and URC-522 এর এতদ্সংক্রান্ত সকল নির্দেশনা পরিপালন করতে হবে।

জ. FCR (Forward Cargo Receipts)/HAWB (House Airway Bill) এর ক্ষেত্রে Master Bill of Lading/Original Airways Bill ইস্যুকারী প্রতিষ্ঠানসমূহের Shipping Agent হিসেবে কাজ করার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন রয়েছে কিনা তা যাচাই করে নিতে হবে।

ঝ. কোন রপ্তানি এলসির বিপরীতে ব্যাক টু ব্যাক এলসি স্থাপন করা হলে উক্ত রপ্তানি এলসির বিপরীতে দাখিলকৃত রপ্তানি বিল হতে ব্যাক টু ব্যাক এলসি'র অংশ (ফ্লোটিং রেখে) বাদ দিয়ে বাকি অংশের (সিএম অংশ) জন্য এফডিবিপি দায় সৃষ্টি করা যাবে।

ঞ. কোন গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা প্রধানের মঞ্জুরি ক্ষমতার অধিক বিল ক্রয় করার ক্ষেত্রে দ্রুত গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে শাখা প্রয়োজন মনে করলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট গ্রাহকের অনুকূলে নোশনাল লিমিট অনুমোদনের প্রস্তাব পর্ষদে উপস্থাপন করতে পারবে।

ট. বিল ক্রয়/লিমিট অনুমোদনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয় বিবেচনা করতে হবে;

- গ্রাহকের রপ্তানি পারফরমেন্স, সক্ষমতা (Ability) ও বিশ্বাসযোগ্যতা (Credibility)
- কারখানার উৎপাদন ক্ষমতা (মেকানিকাল/টেক্সটাইল/আর্থিক বিশ্লেষণ)
- গ্রাহকের বিগত বছরের রপ্তানি তৎপরতা
- চলতি মূলধনসহ অন্যান্য ঋণের ধরন, পরিমাণ ও Repayment Behaviour
- এফডিবিপি এর বিপরীতে মূল্য প্রত্যাবাসনের ট্রেন্ড
- সন্তোষজনক সিআইবি রিপোর্ট

নতুন গ্রাহকের ক্ষেত্রে অন্যান্য প্রযোজ্য বিষয়ের সাথে রপ্তানিকারকের Creditworthiness, অতীত অভিজ্ঞতা, সহজামানত ও ব্যাংকের নিকট গ্রহণযোগ্যতা ইত্যাদি বিবেচনা করা।

বিষয়: ঋণ মঞ্জুরি ক্ষমতাবিধি (Delegation of Business Power) ৮ম সংস্করণ এর রপ্তানি খন্ডের ফরেন ও লোকাল ডকুমেন্টারি বিল ক্রয় (Foreign& Local Documentary Bills Purchase) সংক্রান্ত অনুচ্ছেদ নং ৯, ১০, ১১ ও ১২ এর মঞ্জুরি ক্ষমতা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

২.৩ (গ) অনুচ্ছেদ-১১: ফরেন ডকুমেন্টারী বিল পারচেজ (এফডিবিপি) :

সিএডি ভিত্তিতে প্রকৃত পাট ও পাটজাত পণ্যসহ অন্যান্য পণ্যের রপ্তানি বিল ক্রয়পূর্বক শিপমেন্ট উত্তর রপ্তানি ঋণ।

(কোটি টাকায়)

গ্রাহক এর প্রকৃতি	ম্যানেজার (শাখার গ্রেড-১ম)	এজিএম	ডিজিএম	জিএম	ডিএমডি	সিইও এন্ড এমডি
ক. পাবলিক সেক্টর	০.১০	০.২৫	৪.০০	৭.০০	১০.০০	৫০.০০
খ. পাবলিক লিমিটেড কোম্পানি	০.১০	০.২৫	৩.০০	৫.০০	৭.০০	২৫.০০
গ. প্রাইভেট লিমিটেড কোম্পানি	০.১০	০.২৫	২.০০	৩.০০	৫.০০	২০.০০
ঘ. ব্যক্তি/ ফার্ম	০.১০	০.২৫	১.০০	২.০০	৩.০০	১০.০০

পরিপালনীয় শর্তাবলীঃ

ক. আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বিদেশী ক্রেতার দৃঢ় রপ্তানি চুক্তির বিপরীতে ক্রটিমুক্ত রপ্তানি দলিল ক্রয় করার জন্য এ ক্ষমতা প্রযোজ্য হবে। চুক্তির বিপরীতে প্রথম লেনদেন করার পূর্বে বিদেশে অবস্থানরত আমদানিকারকের ক্রেডিট রিপোর্ট সংগ্রহপূর্বক তা বিশ্লেষণ করে লেনদেন করার জন্য অনুকূল বিবেচিত হলে প্রধান কার্যালয়ের ফরেন ট্রেড ডিপার্টমেন্ট থেকে অনুমোদন নিতে হবে এবং অনুমতি প্রাপ্তির পরই কেবল শাখা লেনদেন করতে পারবে।

খ. লোকাল অফিস ও জনতা ভবন কর্পোরেট শাখাসহ সকল এডি শাখা প্রধান শুধুমাত্র ক্রটিমুক্ত রপ্তানি বিল তাদের মঞ্জুরি ক্ষমতা অনুযায়ী ক্রয় করার অনুমোদন প্রদান করতে পারবেন। এডি শাখা প্রধানের ক্ষমতা বহির্ভূত রপ্তানি বিল ক্রয়ের ক্ষেত্রে বিভাগীয় কার্যালয়ের জিএম, প্রধান কার্যালয়ের ফরেন ট্রেড ডিপার্টমেন্টের সংশ্লিষ্ট জিএমসহ ডিএমডি এবং সিইও এন্ড এমডি এ ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।

গ. শাখার কোন গ্রাহকের ক্রয়কৃত রপ্তানি বিল বাংলাদেশ ব্যাংকের বিধিবিধান অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাবাসিত না হলে অর্থাৎ মেয়াদ উত্তীর্ণ থাকলে উক্ত গ্রাহকের পরবর্তী রপ্তানি বিল ক্রয়ের ক্ষমতা প্রধান কার্যালয়ের উপর ন্যস্ত হবে।

ঘ. কোন একক গ্রাহকের ক্রমপুঞ্জীভূত এফডিবিপি দায়ের পরিমাণ বর্ণিত মঞ্জুরি ক্ষমতার সীমা অতিক্রম করতে পারবে না।

ঙ. Bangladesh Bank Guidelines for Foreign Exchange Transaction এ উল্লেখিত এতদ্‌সংক্রান্ত সকল নির্দেশনা পরিপালন করতে হবে।

চ. UCPDC-600 and URC-522 এর এতদ্‌সংক্রান্ত সকল নির্দেশনা পরিপালন করতে হবে।

ছ. FCR (Forward Cargo Receipts)/HAWB (House Airway Bill) এর ক্ষেত্রে Master Bill of Lading/Original Airways Bill ইস্যুকারী প্রতিষ্ঠানসমূহের Shipping Agent হিসেবে কাজ করার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন রয়েছে কিনা তা যাচাই করে নিতে হবে।

জ. শুধুমাত্র বিজেএমসির তালিকাভূক্ত পুরাতন প্রসিদ্ধ বিদেশী ক্রেতার চুক্তিপত্রের বিপরীতে এ ক্ষমতা প্রয়োগ করা যাবে।

ঝ. কোন গ্রাহকের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা প্রধানের মঞ্জুরি ক্ষমতার অধিক বিল ক্রয় করার ক্ষেত্রে দ্রুত গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে শাখা প্রয়োজন মনে করলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট গ্রাহকের অনুকূলে নোশনাল লিমিট অনুমোদনের প্রস্তাব পর্ষদে উপস্থাপন করতে পারবে।

ঞ. বিল ক্রয়/লিমিট অনুমোদনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয় বিবেচনা করতে হবে;

- গ্রাহকের রপ্তানি পারফরমেন্স, সক্ষমতা (Ability)ও বিশ্বাসযোগ্যতা (Credibility)
- কারখানার উৎপাদন ক্ষমতা (মেকানিকাল/টেক্সটাইল/আর্থিক বিশ্লেষণ)
- গ্রাহকের বিগত বছরের রপ্তানি তৎপরতা
- চলতি মূলধনসহ অন্যান্য ঋণের ধরন, পরিমাণ ও Repayment Behaviour
- এফডিবিপি এর বিপরীতে মূল্য প্রত্যাবাসনের ট্রেন্ড
- সন্তোষজনক সিআইবি রিপোর্ট

নতুন গ্রাহকের ক্ষেত্রে অন্যান্য প্রযোজ্য বিষয়ের সাথে রপ্তানিকারকের Creditworthiness, অতীত অভিজ্ঞতা, সহজামানত ও ব্যাংকের নিকট গ্রহণযোগ্যতা ইত্যাদি বিবেচনা করা।

২.৩ (ঘ) অনুচ্ছেদ-১২ : লোকাল ডকুমেন্টারী বিল পারচেজ (এলডিবিপি): লোকাল বিবিএলসি'র বিপরীতে দাখিলকৃত রপ্তানি বিল ক্রয় ও নেগোসিয়েশন।

(কোটি টাকায়)

গ্রাহক এর প্রকৃতি	জিএম	ডিএমডি	সিইও এন্ড এমডি
ক. পাবলিক সেক্টর	৩০.০০	৬০.০০	১০০.০০
খ. পাবলিক লিমিটেড কোম্পানি	২০.০০	৪০.০০	৮০.০০
গ. প্রাইভেট লিমিটেড কোম্পানি	১৫.০০	৩০.০০	৫০.০০
ঘ. ব্যক্তি/ ফার্ম	৫.০০	১০.০০	২০.০০

পরিপালনীয় শর্তাবলীঃ

১. প্রতিটি লোকাল বিল ক্রয়ের অনুমোদন ক্ষমতা প্রধান কার্যালয়ের ফরেন ট্রেড ডিভিশনের জিএম এবং ডিএমডি ও সিইও এন্ড এমডি এর উপর ন্যস্ত থাকবে।

২. লোকাল বিবিএলসির বিপরীতে দাখিলকৃত বিল এলসি ইস্যুয়িং ব্যাংক হতে শর্তহীন Acceptance প্রাপ্তির পর ন্যূনতম ২০% মার্জিনে ক্রয় করা যাবে।

৩. লোকাল বিল ক্রয়ের ক্ষেত্রে কোন একক গ্রাহকের ক্রমপুঞ্জিভূত দায় উপরোক্ত মঞ্জুরি ক্ষমতার সীমা অতিক্রম করতে পারবে না।

৪. বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার ১০ এর নির্দেশনা এবং ২২.০৭.২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব ডিরেক্টরস এর ২৩৮ তম সভার সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় ও বৈদেশিক মুদ্রায় সকল অভ্যন্তরীণ বিল ক্রয়ে (আইবিপি) নিম্নোক্ত শর্তাদি পরিপালন করতে হবে:

ক. এ ব্যাংকের অর্থায়নে স্থাপিত নয় এমন প্রকল্পের লোকাল ডকুমেন্টারী বিল পারচেজ (এলডিবিপি) এর পূর্বে গ্রাহকের ব্যবসায়িক কার্যক্রম, যে পণ্য সরবরাহ করেছে তা উৎপাদনে সক্ষমতা, অতীত কার্যক্রম, ইতোপূর্বে যে ব্যাংকে লেনদেনে যুক্ত ছিল সেখানকার লেনদেনের অবস্থা, তার আর্থিক অবস্থার সাথে পণ্য সরবরাহের সামঞ্জস্যতা ইত্যাদি বিষয়াদি যাচাই করে সতর্কতার সাথে বিল ক্রয় করতে হবে।

খ. ক্রয়কৃত লোকাল ডকুমেন্টারী বিল (এলডিবিপি) এর দায় প্রত্যাবাসিত বৈদেশিক মুদ্রায় সমন্বয় হতে হবে।

গ. রপ্তানিকারক হিসাবে বিবিএলসির নীতিগত অনুমোদন না থাকলে লোকাল বিল পারচেজ এর ক্ষেত্রে প্রধান কার্যালয় হতে নীতিগত অনুমোদন নিতে হবে।

ঘ. বিদ্যমান এলডিবিপি দায়ের বিপরীতে সংশ্লিষ্ট গ্রাহকের নিকট হতে পর্যাপ্ত সহজামানত গ্রহণ করতে হবে।

ঙ. 'রপ্তানিকারকের অনুকূলে লোকাল বিল ক্রয়ের নিমিত্তে নীতিগত অনুমোদন প্রদান করার পূর্বে প্রধান কার্যালয় হতে কারখানা পরিদর্শন করে উৎপাদন ক্ষমতা নিরূপণ করতে হবে।

চ. Bangladesh Bank Guidelines for Foreign Exchange Transection এ উল্লেখিত এতদ্‌সংক্রান্ত সকল নির্দেশনা পরিপালন করতে হবে।

ছ. UCPDC-600 and URC-522 এর এতদ্‌সংক্রান্ত সকল নির্দেশনা পরিপালন করতে হবে।

জ. অনুমোদন পত্রে নিম্নোক্ত শর্তাদি আরোপ করতে হবে:

- গ্রাহকের হিসাবে এলডিবিপি খাতে মেয়াদোত্তীর্ণ দায় থাকতে পারবে না।
- সংশ্লিষ্ট এলসি ইস্যুয়িং ব্যাংক কর্তৃক বিলের স্বীকৃতির সত্যতা যাচাই করতে হবে।
- কারখানায় উৎপাদিত পণ্য সরবরাহকৃত পণ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এবং কারখানার উৎপাদন ক্ষমতার আওতায় বিল ক্রয় করা হচ্ছে মর্মে শাখাকে নিশ্চিত হতে হবে।
- ফরেন ট্রেড ডিপার্টমেন্টের ৫.৭.২০১২ তারিখের পত্র সূত্র নং এফটিডি/এলডিবিপি/নীতি/২০১২ এর নির্দেশনা মেনে চলতে হবে।
- গ্রাহকের ও সহযোগী প্রতিষ্ঠানের নামীয় হালনাগাদ সন্তোষজনক সিআইবি রিপোর্টে শ্রেণীকৃত দায় নেই মর্মে নিশ্চিত হতে হবে।
- একই বিল যাতে দুবার (ডাবল) ক্রয় করা না হয় সে বিষয়ে শাখাকে সতর্ক থাকতে হবে।
- বিল ক্রয়ের ক্ষেত্রে শাখাকে সকল প্রকার ডিউ ডিলিজেন্স প্রয়োগ করতে হবে।

৫. এফডি সার্কুলার ৯৮ তারিখ ১২.০৭.২০১২ এবং নির্দেশ বিজ্ঞপ্তি নং ৪০৭/১২ তারিখ ০৯.১০.২০১২ এর শর্তাবলীসহ এতদবিষয়ক অন্যান্য বিধিমালা যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।

এমতাবস্থায়, ফরেন ও লোকাল ডকুমেন্টারী বিল ক্রয় সংক্রান্ত পুনঃনির্ধারিত মঞ্জুরি ক্ষমতা ও পরিপালনীয় শর্তাবলী যথাযথভাবে অনুসরন ও পরিপালন পূর্বক বিল ক্রয় এবং বিষয়টির মনিটরিং জোরদার সহ ফরেন ট্রেড ডেস্কে যোগ্য জনবল পদায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হল।

আপনার বিশ্বস্ত

মোঃ আব্দুল হালিম
উপ-মহাব্যবস্থাপক

মোহাম্মদ সাইফুল আলম
মহাব্যবস্থাপক